দৈনিক জনকণ্ঠ

তারিখ 2 6 AUG 2007
পৃষ্ঠা ৩ কলাম ৪

# প্রাইভেট বিশ্ববিদ্যালয় খোলা থাকবে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে সংঘটিত দুঃখজনক ঘটনার পরিপ্রেক্ষিতে উদ্ভূত আইনশৃঙ্খলা পরিস্থিতি বিবেচনা করে সরকার ২২ আগস্ট বিকাল থেকে দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিভাগীয় শহরসমূহে অবস্থিত সরকারী ও বেসরকারী কলেজসমূহ বন্ধ ঘোষণা করে। উক্ত সিদ্ধান্ত এখনও বলবত আছে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে। তবে দেশের প্রাইভেট বিশ্ববিদ্যালয়সহ অন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান (বিভাগীয় শহরে অবস্থিত সরকারী ও বেসরকারী কলেজ ছাড়া) এর আওতাবহির্ভূত থাকবে।

বিভাগীয় শহরের বাইরে অবস্থিত স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কলেজসমূহের কর্তৃপক্ষ পরিস্থিতি বিবেচনা করে প্রতিষ্ঠান খোলা বা বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। —তথ্য বিবরণী।